সমকাল

তারিখ 27 NOV 2017
পৃষ্ঠা ৪ কলাম ২

### জাবি অর্থনীতি বিভাগের সমীক্ষা

# বিশ্ববিদ্যালয়ের ৮০ ভাগ শিক্ষার্থী পুষ্টিকর খাবার পান না

■ জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শতকরা আশি ভাগ শিক্ষার্থী অর্থাভাবে পুষ্টিকর খাবার পাচ্ছেন না বলে বেরিয়ে এসেছে বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের এক সমীক্ষায়। একজন বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীর যেখানে দিনে দুই হাজার ৮০০ থেকে তিন হাজার কিলো ক্যালরি খাদ্য গ্রহণ করা উচিত, সেখানে জাবি শিক্ষার্থীদের দৈনিক খাদ্যে গড় শক্তি গ্রহণের পরিমাণ মাত্র এক হাজার ৮২১ কিলো ক্যালরি।

রোববার অর্থনীতি বিভাগের সংগঠন 'অর্থশাস্ত্র পাঠচক্র' কর্তৃক আয়োজিত বিভাগীয় এক সেমিনারে উপস্থাপিত এই সমীক্ষায় বলা হয়, নমুনা হিসেবে ২২৫ শিক্ষার্থীর (১২৫ জন ছেলে ও ১০০ জন মেয়ে) মধ্যে জরিপ করে তাদের দৈনন্দিন গৃহীত খাদ্যে শক্তির পরিমাণ (কিলো ক্যালরি) নিরূপণ করা হয়েছে। এতে আরও বলা হয়, দুই হাজার ৮০০ কিলো ক্যালরি শক্তির খাদ্য গ্রহণ করতে একজন শিক্ষার্থীর মাসিক ৫ হাজার ৭৯০ টাকা প্রয়োজন: কিন্তু জাবি শিক্ষার্থীদের খরচ মাত্র ৪ হাজার ৮০ টাকা। এটা শিক্ষার্থীদের দারিদ্র্যই প্রকাশ করছে।

তেল-গ্যাস-বিদ্যুৎ-বন্দর রক্ষা জাতীয় কমিটির সদস্য সচিব অধ্যাপক আনু মুহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারে গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন অর্থনীতি বিভাগের শিক্ষার্থী ইশতিয়াক রায়হান। সেমিনারে অর্থনীতি বিভাগের অধ্যাপক খন্দকার আশরাফুল মুনিম, সহযোগী অধ্যাপক আসরাফুল ইসলাম চৌধুরীসহ বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা এ সময় উপস্থিত ছিলেন।

অধ্যাপক আনু মুহাম্মদ বলেন, প্রায় প্রতিটি পাবলিক বিশ্ববিদ্যালয়েই এ অবস্থা। আবাসিক হলগুলোতে পুষ্টিকর খাবার নিশ্চিত করার পাশাপাশি রাষ্ট্রকে জাতীয় বাজেটের এক ভাগ এই সমস্যা দূর করতে ব্যবহার করা উচিত। কেননা এই শিক্ষার্থীরাই দেশের হাল ধরবে। তারাই যদি পুষ্টিকর খাবার না পায়, তাহলে দেশ পিছিয়ে যাবে।